**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর**
**ডুমুরিয়া, খুলনা।**

**স্মারক নং ১৩.০১.৪৭৩০.২৩১.৫৭.০১৭.২৪-৩২৮** **তারিখঃ ০৬/১১/২০২৪ খ্রি.**

## ওএমএস ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খাদ্য মন্ত্রণালয়ের ০৮/১০/২০২৪ খ্রি তারিখের ২০২ নং স্মারকে জারীকৃত খোলাবাজারে খাদ্যশস্য বিক্রয়(ওএমএস) নীতিমালা-২০২৪ এবং ০৯/১০/২০২৪ খ্রি তারিখের ২০৫ নং স্মারকে জারিকৃত পরিপত্র অনুবৃত্তিক্রমে ০৪/১১/২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা ওএমএস কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক ডুমুরিয়া উপজেলার ০৩(তিন) টি বিক্রয় কেন্দ্রে মোট ০৩(তিন) জন ওএমএস ডিলার নিয়োগ প্রদান করা হবে। আগ্রহী ব্যক্তির নিকট হতে নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদন আহবান করা যাচ্ছেঃ

| ক্রমিক নং | বিক্রয় কেন্দ্রের নাম | নিয়োগযোগ্য ডিলার সংখ্যা |
|---|---|---|
| ১ | ডুমুরিয়া বাজার, ডুমুরিয়া, খুলনা। | ০১ |
| ২ | রঘুনাথপুর ইউনিয়ন পরিষদ সংলগ্ন শাহাপুর বাজার। | ০১ |
| ৩ | নোয়াকাঠি বাজার, সাহস, ডুমুরিয়া। | ০১ |

| | | | |
|---|---|---|---|
| ১। | আবেদন ফরম বিক্রিকারী কার্যালয় | : | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ডুমুরিয়া, খুলনা। |
| ২। | আবেদন ফরম বিক্রির তারিখ | : | ০৭/১১/২০২৪ খ্রি. হতে ১৪/১১/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন সময়) |
| ৩। | আবেদনপত্র জমাদানের তারিখ | : | ০৭/১১/২০২৪ খ্রি. হতে ১৭/১১/২০২৪ খ্রি. তারিখ (অফিস চলাকালীন সময়) |
| ৪। | আবেদনপত্র জমাদানের স্থান | : | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ডুমুরিয়া, খুলনা। |
| ৫। | আবেদনপত্র যাচাই-বাছাই এর সময়সীমা | : | ১৮/১১/২০২৪ খ্রি. হতে ১৯/১১/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত |
| ৬। | যোগ্য ও অযোগ্য আবেদনকারীর তালিকা প্রকাশ | : | ২৪/১১/২০২৪ খ্রি. |
| ৭। | লটারির সময়, তারিখ ও স্থান | : | অপরাহ্ন ৩.০০ টা, ২৫/১১/২০২৪ তারিখ, সভাকক্ষ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ডুমুরিয়া, খুলনা |

আবেদনকারীর যোগ্যতাঃ

১) বাংলাদেশের জাতীয় পরিচয়পত্র প্রাপ্ত ১৮ বছরের উর্দ্ধে যে কোনো নাগরিক আবেদন করতে পারবেন; ২) আবেদনকারীর সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের ট্রেড লাইসেন্স (খাদ্যশস্য ব্যবসায়ের) থাকতে হবে; ৩) আবেদনকারীর খাদ্য বিভাগ থেকে সরবরাহকৃত ফুডগ্রেইন লাইসেন্স থাকতে হবে।; ৪) কমপক্ষে ০৩ (তিন) মে. টন খাদ্যশস্য সংরক্ষণের উপযোগী সংরক্ষণাগার থাকতে হবে; ৫) মালামালের হিসাব সংরক্ষণের সক্ষমতা থাকতে হবে; ৬) নিজস্ব ব্যবস্থাপনায় সরকার কর্তৃক নির্ধারিত স্থানে খাদ্যশস্য বিক্রয় করতে হবে; ৭) আবেদনকারীকে আর্থিকভাবে স্বচ্ছল (ন্যূনতম এক লক্ষ টাকার স্বচ্ছলতার সনদ) ও খাদ্যশস্য হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে; ৮) খাদ্য অধিদপ্তরের কোনো ডিলার/মিলার/ঠিকাদার পূর্বে শাস্তিপ্রাপ্ত, কালো তালিকাভুক্ত বা যে কোনো অনিয়মের কারণে ডিলারশিপ বাতিল হলে তিনি ওএমএস ডিলারের জন্য আবেদন করতে পারবেন না; ৯) খাদ্য অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন কোনো পরিবহণ ঠিকাদার, শ্রম ঠিকাদার, মিলার ও খাদ্যবান্ধব ডিলার হিসেবে কর্মরত কোনো ব্যক্তি/তার উপর নির্ভরশীল কেউ এ কার্যক্রমের ডিলার হতে পারবেন না; ১০) প্রজাতন্ত্রের লাভজনক পদে অধিষ্ঠিত কোনো কর্মকর্তা/কর্মচারী/জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না; ১১) কোনো ব্যক্তি ডিলারশিপ প্রাপ্ত হলে "নিজ ডিলারশিপ ব্যতিত অন্য কোনো ডিলারের প্রতিনিধিত্ব করবেন না" মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা আবেদনের সাথে দাখিল করতে হবে; এর ব্যত্যয় হলে উভয় ব্যক্তির ডিলারশিপ বাতিল হবে; ১২) ওএমএস ডিলার অথবা তার প্রতিনিধির স্মার্ট ফোন/তথ্য সংগ্রহের ইলেক্ট্রনিকস ডিভাইস থাকতে হবে এবং সংশ্লিষ্ট অ্যাপস ব্যবহারে সক্ষমতা থাকতে হবে; ১৩) খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা, ২০১৫ অনুযায়ী লাইসেন্স প্রাপ্ত ব্যক্তিগণও এ নীতিমালায় নতুনভাবে আবেদন করতে পারবেন; বিদ্যমান ডিলারদের মধ্যে কেউ বর্তমান নীতিমালা অনুযায়ী যোগ্য বিবেচিত হলে তাকে নতুন ডিলার হিসাবে তালিকাভুক্তির জন্য বিবেচনা করা যাবে; ১৪) আবেদনকারীর নির্ধারিত বিক্রয় কেন্দ্রে নিজস্ব/ভাড়ায় দোকান থাকতে হবে। ১৫) আবেদনকারীর দোকানের মেঝে পাকা হতে হবে।

নিয়মাবলী ও শর্তাবলীঃ

১) আবেদনকারীকে অফেরতযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকা খাদ্য অধিদপ্তরের সংশ্লিষ্ট কোড নং "১৪৮০২০১-১৩০২২০-১৪৪১২৯৯" অন্যান্য আদায়" খাতে চালানের মাধ্যমে জমা দিয়ে ট্রেজারী চালানের মূল কপি প্রদর্শন এবং চালানের ফটোকপি জমা দিয়ে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় ডুমুরিয়া হতে আবেদন ফরম সংগ্রহ করা যাবে। টাকা জমা দেওয়ার পূর্বে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় ডুমুরিয়া হতে চালান পাশ করাতে হবে। চালানের মূল কপি আবেদনের সাথে দাখিল করতে হবে; ২) আবেদন ফরম পূরণ করে তার সাথে (ক) চালানের মূল কপি, (খ) ২ কপি পাসপোর্ট সাইজের ছবি, (গ) জাতীয় পরিচয়পত্রের কপি, (ঘ) নাগরিকত্ব সনদের কপি, (ঙ) খাদ্যশস্য লাইসেন্সের কপি, (চ) আর্থিক স্বচ্ছলতার সনদ, (ছ) সংশ্লিষ্ট এলাকার হালনাগাদ ট্রেড লাইসেন্স (জ) অঙ্গীকারনামা (ঝ) ০৩ মে.টন এর অধিক খাদ্যশস্য ধারণক্ষম দোকানের মালিকানা/ভাড়া সংক্রান্ত দলিলাদি সংযুক্তপূর্বক খামে নির্ধারিত বক্সে জমা প্রদান করতে হবে। খামের ওপর আবেদিত কেন্দ্রের নাম, নিজ নাম, ঠিকানা ও মোবাইল নম্বর লিখতে হবে; ৩) একটি বিক্রয় কেন্দ্রের বিপরীতে নির্ধারিত সংখ্যার চেয়ে অধিক সংখ্যক আবেদন করলে যোগ্য আবেদনকারীদের উপস্থিতিতে লটারির মাধ্যমে ডিলার নির্বাচন করা হবে; ৪) ওএমএস ডিলার বা তার প্রতিনিধির স্মার্ট ফোন/ট্যাব/কম্পিউটার থাকতে হবে এবং প্রদত্ত অ্যাপস ব্যবহার করতে হবে; ৫) ইতিপূর্বে যারা আবেদন করেছেন তাদের বর্তমান নীতিমালার আওতায় নতুন করে আবেদন করতে হবে; ৬) ডিলার হিসেবে যোগদানকালে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার পে-অর্ডার উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ডুমুরিয়া, খুলনা এর অনুকূলে জমা দিতে হবে; ৭) ওএমএস ডিলার লাইসেন্স হস্তান্তরযোগ্য নয়; ৮) একজন ব্যক্তি একাধিক বিক্রয় কেন্দ্রের জন্য আবেদন করতে পারবেন না; ৯) ওএমএস বিক্রয় কেন্দ্রের স্থান নির্বাচনকালে জনবহুলতা ও দরিদ্র মানুষের ঘনবসতি এবং জনগণের দৃষ্টি গোচরিভূত হয় এমন স্থান বিক্রয় কেন্দ্র হিসেবে নির্বাচনের ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে; ১০) এ সংক্রান্ত পরবর্তীকালে জারীকৃত সরকারি নির্দেশনাসমূহ প্রযোজ্য হবে; ১১) খাদ্য অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে নির্বাচিত ডিলারদের নিয়োগ আদেশ জারি করা হবে; ১২) অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে; ১৩) কর্তৃপক্ষ প্রয়োজনে ডিলার নিয়োগ সংক্রান্ত যেকোন বিষয় পরিবর্তন/পরিমার্জন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন;

উপজেলা ওএমএস কমিটির অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

*কোন প্রকার সুপারিশ গ্রহণযোগ্য নহে, ইহা প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে*

০৬/১১/২৪
(সুলতানা খানম)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক(চ.দা)
ডুমুরিয়া, খুলনা
ও সদস্য সচিব
উপজেলা ওএমএস কমিটি